

যখন তুমি জান তোমাকে রিপোর্ট করতে হবে যে গত সপ্তাহে তোমার স্বাস্থ্য কেমন ছিল। পবিত্র আত্মার কাছে যাচনা কর যেন তোমাকে একজন বুদ্ধিমান দলীয় সদস্য করে, একজন বুদ্ধিমান কোচ করে, একজন বুদ্ধিমান ফিজিও অথবা ক্লাব সেক্রেটারী করে এবং সুন্দরভাবে খেলা যেন চালিয়ে যেতে পারো। তুমি এজন্যই জন্মেছো!



চিন্তা

কিছু সমাজবিজ্ঞানী খেলাধুলার স্টেডিয়ামকে আধুনিক মানুষের ক্যাথেড্রাল হিসাবে বর্ণনা করেন। শব্দগতভাবে সবচাইতে সত্য ধারণা আমাদের ক্রীড়া ক্লাব আমাদের ক্যাথেড্রাল হতে পারে, একটি স্থান যেখানে আমরা ঈশ্বরের উপাসনা করতে যাই।



আলোচনা

কেন মানুষ মনে করে যে তুমি খেলা নিয়ে প্রার্থনা করতে পারো না?



কাজ

প্রতিবার ক্লাবে যাবার আগে প্রার্থনা কর যাতে খ্রীষ্টকে দক্ষভাবে প্রকাশ করার জন্য ঈশ্বর তোমাকে সাহায্য করে প্রার্থনা কর যাতে খেলায় বা প্রশিক্ষণে এসে যাদের সাথে তোমার যোগাযোগ হয়েছে তাদের প্রত্যেকের জন্য ভালবাসা যেন দেখাতে পারো তার সামর্থ্য ঈশ্বর দেন।

৬৫

১৪ খেলাধূলা তোমার মিশন বানাও!

আগের কয়েক পৃষ্ঠা ধরে আমরা ব্যাখ্যা করেছি বাস্তবতা, কেন এবং কিভাবে আমরা খেলাধূলায় যুক্ত হতে পারি এবং একজন খ্রীষ্টান হতে পারি। তাহলে এখন কি?

তুমি কি খেলতে, কোচিং বা পরিচালনা করতে সমর্থ? তুমি কি খ্রীষ্টকে ভালবাস? তাহলে তুমি পার্থক্য তৈরী করতে পারো যেমন তুমি চাও যীশুর জন্য দাঁড়াতে, যে সমস্ত দক্ষতা তিনি তোমাকে দিয়েছেন তা দ্বারা যে পরিবেশে নিজেকে পেয়েছ। কিভাবে?

প্রেরিত পৌল কলসীয় খ্রীষ্টানদের লিখেছেন আনন্দকর কারণ ঈশ্বর আমাদের ‘অন্ধকারের রাজ্যত্ব থেকে উদ্ধার করেছেন এবং প্রিয় পুত্রের রাজ্যে নিয়ে এসেছেন যার দ্বারা আমরা পাপের ক্ষমা পেয়েছি।’ এটা আমাদের জন্যও খুব সত্য যদি আমরা জানি যে যীশু আমাদের জীবনের পরিচালক। পৌলের খুব আগ্রহ যে তারা এখন তাদের চরিত্রের পৃথিবীতে যাবে এবং খ্রীষ্টকে প্রকাশ করবে। তিনি সারসংক্ষেপ করেন যে কলসীয় ৪:২-৬ পদে এবং বলেছেন....

তোমরা প্রার্থনায় নিবিষ্ট থাক, ধন্যবাদ সহকারে এই বিষয়ে জাগিয়া থাক..... ২ পদ

প্রার্থনা কর যেন আমাদের দলের সদস্যদের হৃদয় খ্রীষ্টের জন্য ব্যকুল হয়ে উঠে। তুমি কি প্রতিজ্ঞাবদ্ধ হতে পারো যে এই মৌসুমে প্রতিদিন তোমার দলের সদস্যদের মধ্য হতে তিনজনের জন্য প্রার্থনা করবে?

৬৬

মাঠের ভিতর বাইরে এমনভাবে খেল যাতে ঈশ্বর সম্মানিত হন। যেখানে সুনির্দিষ্টভাবে তুমি কি তোমার দলে পরবর্তী সময়ে তোমার আচরণ দ্বারা আরও ভালভাবে খ্রীষ্টকে প্রতিনিধিত্ব করতে পারো?

তোমরা বাহিরের লোকদের প্রতি বুদ্ধিপূর্বক আচরণ কর, সুযোগ কিনিয়া লও- ৫ পদ

যীশু খ্রীষ্টের সুসমাচার সম্পর্কে কিছু বল। পরবর্তী সময়ে প্রশিক্ষণে তোমার বিশ্বাস সম্পর্কে বলার কি সুযোগ আছে?

তোমাদের বাক্য সর্বদা অনুগ্রহসহযুক্ত হউক, লবনে আশ্বাদযুক্ত হউক, কাহাকে কেমন উত্তর দিতে হয়, তাহা যেন তোমরা জানিতে পার। ৬ পদ

শুধুমাত্র খ্রীষ্টের জন্য খেলতে পারা নয়, তুমি খেলাকে তোমার মিশন তৈরী কর। তোমার ক্লাবে তুমি প্রার্থনা করে, খেলাধূলা করে এবং খ্রীষ্ট সম্পর্কে বলার মধ্য দিয়ে তুমি ভিন্নতা তৈরী করতে পারো।



৬৭

এ বিষয়ে আরও জানতে চাইলে নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন-



৬৮